

বিশ্ব মেডিটেশন দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ঢাকার ভেন্যু : শিল্পকলা একাডেমি

২১ মে ২০২২, শনিবার দুপুর ৩টা - সন্ধ্যা ৬টা

বিষয় : ভালো মানুষ ভালো দেশ স্বর্গভূমি বাংলাদেশ

১৯/০৫/২২

সম্মানিত অভিভাবক,

আসসালামু আলাইকুম

আগামী ২১ মে, শনিবার কসমো স্কুলের শিক্ষার্থীরা বিশ্ব মেডিটেশন দিবস-২০২২ উপলক্ষে কোয়ান্টাম ফাউন্ডেশন আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে যাচ্ছে। আগ্রহী শিক্ষার্থীদের নাম অন্তর্ভুক্তির জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এ সংক্রান্ত একটি চিঠি (উক্ত চিঠিটি স্কুলের ওয়েবসাইটেও আপলোড করা আছে) গত ১৭ মে, বুধবার প্রদান করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণের জন্য চিঠিতে প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণীয়।

আরো কিছু প্রয়োজনীয় নির্দেশনাসমূহ নিম্নে দেওয়া হল :

- ৩য় থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের স্কুলের উদ্যোগে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রেপ-ওয়ান থেকে ২য় শ্রেণির শিক্ষার্থীদের স্কুলের উদ্যোগে যাওয়ার ক্ষেত্রে অবশ্যই অভিভাবক সাথে যেতে হবে। শিক্ষার্থীদের নিয়মিত ক্লাস বন্ধ থাকবে। সকালে ৩য় থেকে ১০ শ্রেণির শিক্ষক-অভিভাবক সভা অনুষ্ঠিত হবে। সভার বিস্তারিত তথ্য- SMS ও মেইল-এর মাধ্যমে জানানো হবে।
- যাতায়াত অনুদান - ১০০/- (জনপ্রতি)
- রিপোর্টিং - দুপুর ১:০০টা; ছুটির সময় - সন্ধ্যা ৭:১৫ মিনিট

শিক্ষার্থীদের ড্রেসকোড : মার্জিত শালীন পোশাক, শিক্ষার্থীরা আইডি কার্ড ধারণ করবে।

শিক্ষার্থীদের যা আনতে হবে- ক্লিপ বোর্ড, কাগজ (সাইজ- ১৭ ইঞ্চি \* ১২ ইঞ্চি), জল রঙ/ প্যাস্টেল/ রঙ পেন্সিল/ রঙ তুলি অর্থাৎ যা দিয়ে শিক্ষার্থী আঁকতে ইচ্ছুক, পেন্সিল, রাবার, শার্পনার। শিক্ষার্থীরা অবশ্যই পানির বোতল ও রুমাল সাথে রাখবে।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল